কালের কণ্ঠ

তারিখ 27 DEC 2017 পৃষ্ঠা ১৮ কলাম ৬

# সিরাজদিখানে শিক্ষকের পিটুনিতে আহত ২১

মুন্সীগঞ্জ প্রতিনিধি ▷

মুন্সীগঞ্জের সিরাজদিখানে শিক্ষকের বেত্রাঘাতে ২১ শিক্ষার্থী আহত হয়েছে। এ ঘটনায় উত্তেজিত অভিভাবক ও এলাকাবাসী ওই শিক্ষককে প্রায় এক ঘণ্টা আটকে রাখে। গতকাল মঙ্গলবার সকালে উপজেলার মধ্যপাড়া ইউনিয়নের মাস্টার আব্দুর রহমান একাডেমিতে এ ঘটনা ঘটে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক কে এম জিয়াউল হক গতকাল সকালে এসএসসি পরীক্ষার্থীদের ইংরেজি বিষয়ে কোচিং ক্লাস করাচ্ছিলেন। এ সময় পড়া না পাড়ায় তিনি শিক্ষার্থীদের পিটুনি দেন। তাতে ২১ শিক্ষার্থী আহত হয়। পরে তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

এ ঘটনায় অভিভাবক ও স্থানীয় ছাত্র-জনতা ওই শিক্ষকের ওপর চড়াও হলে তিনি বিদ্যালয়ের একটি কক্ষে গিয়ে আশ্রয় নেন। এ সময় তাঁকে প্রায় এক ঘণ্টা আটকে রাখা হয়। এ সময় তারা ওই শিক্ষকের বিচার দাবি করে মিছিলও দেয়। পরে স্থানীয় চেয়ারম্যান এসে শিক্ষকের বিচারের আশ্বাস দিলে জনতা চলে যায়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক শীবেন্দ্র চক্রবর্তী জানান, স্থানীয় চেয়ারম্যান বেশ ভালো ভূমিকা নিয়েছেন। বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতির সঙ্গে বিষয়টি নিয়ে কথা হয়েছে। আগামী শুক্রবার এর সুরাহা করা হবে।

স্থানীয় ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বলেন, 'খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে আহত শিক্ষার্থীদের চিকিৎসার ব্যবস্থা করি। তা ছাড়া উত্তেজিত জনতার হাত থেকে শিক্ষককে উদ্ধার করি। আগামীকাল (আজ) এ ব্যাপারে তদন্ত কমিটি গঠন করা হবে।'

মোবাইল ফোন বন্ধ থাকায় এ ব্যাপারে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আওলাদ মৃধার বক্তব্য জানা যায়নি।

তবে শিক্ষক জিয়াউল হক বলেন, 'শিক্ষার্থীরা ক্লাসে পড়া না পাড়ায় শাসন করেছি। এর বেশি কিছু নয়।'